# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৪৮) উপরের প্রশ্নের উত্তর থেকে বুঝা গেল যে ‘‘আল্লাহ যা চান এবং আপনি যা চান’’ বলা নিষিদ্ধ, কিন্তু ‘‘আল্লাহ যা চান অতঃপর আপনি যা চান’’- এ কথা বলা জায়েয। এখন কথা হলঃ ‘‘এবং ও অথবা’’- এ দু’টি শব্দে মধ্যে পার্থক্যটা কী?

শব্দ দু’টির মধ্যে পার্থক্য এই যে, (وَ‎ـ‎ওয়াও) দ্বারা দু’টি বিষয়কে এক সাথে মিলিত করলে তার পূর্ববর্তী ও পরবর্তী বিষয়ের মধ্যে সামঞ্জস্য বুঝায় অর্থাৎ স্রষ্টা ও সৃষ্টি পরস্পর সমতুল্য হওয়া বুঝায়। সুতরাং যে ব্যক্তি বললঃ (ماشاء الله وشئت) অর্থাৎ যা আল্লাহ চান এবং আপনি চান, সে বান্দার ইচ্ছাকে আল্লাহর ইচ্ছার সাথে মিলিয়ে সমান করে দিল। তবে (ثم‎ـ‎ছুম্মা) এর মাধ্যমে দু’টি বস্তুকে একত্রিত করলে এ রকম কোন সন্দেহ থাকে না। সুতরাং যে ব্যক্তি বললঃ (ماشاء الله ثم شئت) অর্থাৎ আল্লাহ্‌ যা চান অতঃপর আপনি যা চান, সে এ কথা স্বীকার করল যে, বান্দার ইচ্ছা আল্লাহর ইচ্ছার অনুগামী ও পরে হয়ে থাকে। তা কেবল আল্লাহর ইচ্ছার পরেই কার্যকরী হয়। আল্লাহ্‌ তা’আলা বলেনঃ

وَمَا تَشَاءُونَ إِلاَّ أَنْ يَشَاءَ اللَّهُ

‘‘আল্লাহর অভিপ্রায় ব্যতিরেকে তোমরা অন্য কোন অভিপ্রায় পোষণ করবে না’’। (সূরা আল-ইনসানঃ ৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2070

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন